



শ্রম আইন মামলায় নাভানা গ্রুপের ভাইস চেয়ারম্যান গ্রেপ্তার



সাজেদুল ইসলাম। ছবি: সংগৃহীত

শ্রম আইন লঙ্ঘনের মামলায় নাভানা গ্রুপের ভাইস চেয়ারম্যান সাজেদুল ইসলাম শুক্রকে গ্রেপ্তার করেছে পুলিশ। বুধবার (২৪ জুন) ভোরে রাজধানীর বনানীর একটি বাসা থেকে তাকে আটক করা হয়।

তেজগাঁও শিল্পাঞ্চল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মাহবুবুর রহমান বিষয়টি নিশ্চিত করে জানান, তার বিরুদ্ধে আদালতের গ্রেপ্তারি পরোয়ানা ছিল। গ্রেপ্তারের পর সকালে তাকে আদালতে পাঠানো হয়েছে।

পুলিশ জানায়, মঙ্গলবার (২৩ জুন) রাত ১১টার দিকে বনানীর ডি ব্লকের একটি বাসায় অভিযান চালায় তেজগাঁও শিল্পাঞ্চল ও বনানী থানা পুলিশ। অভিযানের সময় আইনশৃঙ্খলা বাহিনীকে ভবনে প্রবেশ করতে একাধিকবার বাধার মুখে পড়তে হয়।

অভিযোগ রয়েছে, ভবনের নিরাপত্তাকর্মীরা পুলিশকে প্রয়োজনীয় সহযোগিতা করেননি। এছাড়া সেখানে থাকা কয়েকজন চালক ও দেহরক্ষীও অসহযোগিতামূলক আচরণ করেন বলে দাবি পুলিশের।

পরে রাতভর অভিযান ও অবস্থানের পর বুধবার ভোরে ওই বাসা থেকে সাজেদুল ইসলাম শুক্রকে গ্রেপ্তার করা হয়। মামলার পরবর্তী আইনি প্রক্রিয়া চলমান রয়েছে।